**মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ**
**মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন**

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ০২-৮৯০০৩১৭
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২০.১৯৩০

তারিখঃ ১২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাপবিবোর্ডের অংশীজনদের (লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সম্মানীত প্রতিনিধির) সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক দ্বিতীয় প্রান্তিকের ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ), চেয়ারম্যান, বাপবিবোর্ড। |
| সভাপতি | : | আবুল কালাম শামসুদ্দিন, অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন), বাপবিবোর্ড। |
| সভার তারিখ ও সময় | : | ২৭-১২-২০২০ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা। |
| সভার ধরণ | : | অনলাইন জুম মিটিং । |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অংশগ্রহণে এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক জনসংযোগ পরিদপ্তর জনাব মোঃ আনোয়ার হোসেন এর সঞ্চালনায় অনলাইন জুম মিটিং এর মাধ্যমে বাপবিবোর্ডের অংশীজনদের সাথে দ্বিতীয় প্রান্তিকের শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মহোদয় সভাপতি হিসেবে উপস্থিত থেকে অনলাইনে সংযুক্ত সকল অংশীজন প্রতিনিধি ও বাপবিবো/পবিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। প্রধান প্রকৌশলী (প্রকল্প), দেবাশীষ চক্রবর্তী সূচনা বক্তব্যে বলেন, একটি শুদ্ধাচারী জাতি গড়ে তোলার জন্য সকল কর্মকর্তা/কর্মচারী ও সর্বোপরি দেশের জনগণকে শুদ্ধাচারী হতে হবে। লাইন নির্মাণ সকল ঠিকাদারকে সাব-কন্ট্রাক্ট সংস্কৃতির বেড়াজাল থেকে বেরিয়ে আসার আহ্বান জানান এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাজ নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন করার অনুরোধ করেন। তিনি জানান অতিরিক্ত সময় শাট-ডাউন না নিয়ে বেশি সংখ্যক শ্রমিক নিয়ে দ্রুত কাজ শেষ করতে হবে যাতে লোডশেডিং দীর্ঘায়িত না হয়। এছাড়া, শ্রমিকের জীবন যাতে বিপন্ন না হয় সেদিকেও সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

৩। সদস্য (বিতরণ ও পরিচালন), জনাব মোঃ জহিরুল ইসলাম গ্রিডভুক্ত এলাকায় সফলভাবে লাইন নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সকল ঠিকাদারী প্রতিষ্ঠান-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। অফ-গ্রিডভুক্ত এলাকায় যতদ্রুত সম্ভব কাজের গুণগত মান ঠিক রেখে লাইন নির্মাণ কাজ শেষ করার জন্য সকল ঠিকাদারী প্রতিষ্ঠান-কে আহ্বান জানান। তিনি বলেন, মালামাল চুরি ও বাইরে তা বিক্রি হচ্ছে এমন বিষয়গুলো উদ্বেগজনক বিধায় ভবিষ্যতে এ ধরণের কাজের পুনরাবৃত্তি যাতে না হয় সে জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান-কে আরও সচেতন হতে হবে। বেশি শ্রমিক নিয়ে শাট-ডাউনের সময় কমিয়ে এনে দ্রুত মেরামত কাজ শেষ করতে হবে। এছাড়া, যথাযথভাবে শাট-ডাউন গ্রহণ ও শাট-ডাউন উত্তোলন করতে হবে যাতে আর একটিও মৃত্যু না ঘটে এ আহ্বান জানান।

৪। সদস্য (অর্থ), জনাব মোঃ খায়রুল হাসান বলেন কর্মক্ষেত্রে সকল কর্মকর্তা/কর্মচারীকে সততা, ন্যায়পরায়ণতা ও উদারতা প্রদর্শন করতে হবে। পাশাপাশি অংশীজনদেরকেও সকল কাজে সততার প্রদর্শন করতে হবে। বাপবিবো/পবিসে অংশীজনদের পাওনা যথাসময়ে পরিশোধ করা হয়ে থাকে। সদস্য (অর্থ) মহোদয় ভবিষ্যতেও এ আর্থিক শৃঙ্খলা ধরে রাখা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৫। লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি মোঃ ইব্রাহীম খোকন সভায় সকলকে অবহিত করেন যে, ঠিকাদারী প্রতিষ্ঠানগুলো মাঠপর্যায়ে গ্রাহক যাতে প্রতারিত না হয় সে জন্য মাইকিং, পোষ্টার, লিফলেট বিতরণ করে থাকে। তবে কিছু সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজন স্থানীয় প্রতিনিধির মাধ্যমে চাঁদাবাজিতে জড়িয়ে পড়েন এটি অসত্য নয়। তবে অতীতের তুলনায় এ সংখ্যাটি অনেক কমে এসেছে। লাইন নির্মাণ ঠিকাদার প্রতিনিধি জনাব মোঃ আইয়ুব নবী বলেন যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ইচ্ছাকৃতভাবে মালামালের ক্ষতি করার চেষ্টা করে না। তথাপি বাস্তব কারণে অনেক সময় মালামালের ক্ষতি সাধিত হয়ে যায় এটা সত্য। এছাড়া, তারা সাব-কন্ট্রাক্টর দিয়ে কাজ করান না মর্মে অবহিত করেন।

৬। মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান শেলটেক-এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গুণগত মালামাল সরবরাহের মাধ্যমে বাপবিবো/পবিস-কে সহযোগিতা করে যাচ্ছেন এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। বিআরবি ক্যাবল এর প্রতিনিধি বলেন, বাপবিবো/পবিস-এর সকল মালামাল ইতোমধ্যে তারা সরবরাহ নিশ্চিত করেছেন।

অঃ পৃঃ দ্রঃ

তিনি উল্লেখ করেন বাপবিবোর্ডের নিজস্ব ফান্ডের একটি প্রকল্পে ৩৮ কিঃমিঃ সাবমেরিন ক্যাবল এর একটি বিল তাদের পাওনা রয়েছে যা পরিশোধে বিলম্ব হচ্ছে মর্মে চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, ভবিষ্যতে মালামাল সরবরাহের ক্ষেত্রে গুণগত মান ও সময়মত মালামাল সরবরাহ করার অঙ্গীকার ব্যক্ত করেন। সাব-স্টেশন নির্মাণ ঠিকাদারগণের মধ্য হতে একজন প্রতিনিধি বলেন, বাস্তব কারণে অনেক সময় সাব-স্টেশন আপগ্রেডেশন কাজ করতে গিয়ে কাজের ভেরিয়েশন ১৫% এর অধিক হচ্ছে। ফলে তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

৭। ব্যাংক/বীমা আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে সীমান্ত ব্যাংক-এর হেড অব-কমার্শিয়াল বলেন, গ্রাম/প্রত্যন্ত অঞ্চলে গ্রাহকের টাকা কালেকশন করে তারা যথাসময়ে সংশ্লিষ্ট সমিতির মূল কোষাগারে জমা দিচ্ছেন। ভবিষ্যতেও এ সেবা অব্যাহত রাখার অঙ্গীকার করেন। ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক এর প্রতিনিধি বলেন গ্রাহকের নিকট হতে বিদ্যুৎ বিল গ্রহণ ও যথাসময়ে সংশ্লিষ্ট সমিতির মূল হিসাবে তারা অর্থ পরিশোধ করেন। সেবার এ ধারা অব্যাহত রাখা এবং ভবিষ্যতে বাপবিবো/পবিসের নিকট হতে প্রয়োজনীয় সহযোগিতাও কামনা করেন।

৮। চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) অংশীজনদের উদ্দেশ্যে বলেন, বাপবিবোর্ডের এপিএ চুক্তি অনুযায়ী সকল শ্রেণীর অংশীজনদের সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে সভা করার বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য গত কোয়ার্টারেও একটি শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি বলেন প্রত্যেকে তার নিজস্ব যায়গায় সততা ও নিষ্ঠার পরিচয় দিলে দেশের বৃহত্তর পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণ করে শুষ্ক মৌসুমে নির্বিঘ্নে আপগ্রেডশন কাজ এগিয়ে নিলে গ্রীষ্ম মৌসুমে আমরা ভাল বিদ্যুৎ সরবরাহ করতে পারব। অতঃপর অনুষ্ঠানের প্রধান অতিথি চেয়ারম্যান মহোদয় অংশীজনদের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দিক নির্দেশনা প্রদান করেনঃ

(ক) মুজিব শতবর্ষের মধ্যে অফ-গ্রিডভুক্ত এলাকা শতভাগ লাইন নির্মাণ সমাপ্তির মাধ্যমে দেশে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা;

(খ) বাপবিবো/পবিস এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীসহ সকল শ্রেণীর অংশীজনদের সততা, কর্তব্যনিষ্ঠা, অংশীদারিত্ব নিশ্চিতকরণের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা;

(গ) শুষ্ক/শীত মৌসুমের অনুকূল আবহাওয়ার সুযোগ কাজে লাগিয়ে নির্মাণ/আপগ্রেডেশন কাজ ত্বরান্বিতকরণ;

(ঘ) আপগ্রেডেশন কাজে শাট-ডাউন সংশ্লিষ্ট কাজে অধিক জনবল নিযুক্ত করে শাট-ডাউনের সময়সীমা সীমিতকরণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ;

(ঙ) সরবরাহকৃত মালামাল ও লাইন নির্মাণ/সাব-স্টেশন নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণ;

(চ) মালামালের নিরাপত্তা নিশ্চিতকরণ। বিক্রয়ের উদ্দেশ্যে সংগৃহীত বিভিন্ন বৈদ্যুতিক মালামাল, বিশেষতঃ তার দেশের বিভিন্ন এলাকা হতে উদ্ধার করা হচ্ছে। মালামাল চুরি রোধের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক যথাযথ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করা;

(ছ) চুক্তির মূল সময়সীমার মধ্যে লাইন নির্মাণ কাজ সম্পাদন করা;

(জ) সরবরাহকৃত মালামাল/লাইন নির্মাণের/সাব-স্টেশন/আপগ্রেডেশন কাজের বিল সময়মত পরিশোধ করা;

(ঝ) গ্রাহকের নিকট হতে বিল আদায়ে দায়িত্বপ্রাপ্ত ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে স্বচ্ছতার সাথে ও স্বাস্থ্যবিধি মেনে সকল কাজ সম্পাদন করা।

<u>সিদ্ধান্তঃ</u>

(i) প্রতি তিন মাস অন্তর অন্তর অংশীজনদের নিয়ে সরাসরি/zoomapps এর মাধ্যমে শুদ্ধাচার সংক্রান্ত সভার আয়োজন অব্যাহত রাখা;

(ii) সভার কার্যবিবরণী সকল অংশীজনদের নিকট পৌঁছে দেয়া এবং ওয়েবসাইট-এ আপলোড করা;

(iii) সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগ কর্তৃক অংশীজনদের সকল অভিযোগ নিরসনপূর্বক কাজের গতি বৃদ্ধি করা;

(iv) ১৫ লক্ষ গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় লাইন নির্মাণ কাজ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

৯। ভার্চুয়াল সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

26/12/2020

(আবুল কালাম শামসুদ্দিন)
অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড